

## কুলের পড়ালেখাকে আনন্দময় করতে ওয়েব পোর্টাল

জাতীয় পাঠ্যক্রমের ওপর শিক্ষা কার্যক্রমকে ডিজিটাল পদ্ধতিতে দেশব্যাপী বৈষম্যহীনভাবে ছড়িয়ে দিতে এবং পড়াশোনাকে সব সময় সব স্থানে আরও বেশি আনন্দময় এবং সর্বোচ্চ মানের পৌঁছে দেয়ার জন্য মাই একাডেমিবিডি ডটকম ([www.myacademybd.com](http://www.myacademybd.com)) একটি ডিজিটাল স্টাডি টেবিল তৈরির প্রাথমিক ধাপ সম্পন্ন করেছে। অনলাইন সম্পূর্ণ পাঠ্যক্রমের মাধ্যমে ছাত্র, শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবককে একই সময় একই স্থানে নিয়ে আসবে এই ডিজিটাল স্টাডি টেবিল। এখানে সবাই নিজ প্রয়োজন অনুযায়ী নিজ নিজ গতিতে পড়াশোনা করতে পারবে। সর্বসাধারণের জন্য সেবাটি উন্মুক্ত করার লক্ষ্যে মাই একাডেমি সম্প্রতি এক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করে। 'পড়ালেখা হোক আনন্দময়, সব সময়, সব জায়গায়' স্লোগানে শনিবার পোর্টালটির উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় শিক্ষাসচিব জনাব মো. নজরুল ইসলাম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক শামছদ্দিন

খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের অধ্যাপক ড. সৈয়দ ফরহাত আনোয়ার, ড্যাফোর্ডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. সৈয়দ আব্দুল হোসেন এবং ইন্টেল বাংলাদেশের কাউন্সিল

একাডেমির উদ্দেশ্য এবং এর 'ব্যবহারবিধি' নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সেই সঙ্গে তিনি কোমলমতি শিক্ষার্থীদের শিক্ষা অর্জনে প্রযুক্তিকে কীভাবে কাজে লাগানো যায় তাও ব্যাখ্যা করেন। মাই একাডেমিবিডি পোর্টালটি



উদ্বোধনী অনুষ্ঠানে মূল প্রবন্ধ পাঠ করছেন মাই একাডেমির চেয়ারম্যান অবসরপ্রাপ্ত মেজর এটিকেএম ইকবাল।

যানেজার জিয়া মঞ্জুর। কারওয়ান বাজারস্থ দ্য ডেইলি স্টার ডবনের এএস মাহমুদ সেমিনার হলে অনুষ্ঠিত। উদ্বোধনী অনুষ্ঠানে মূল প্রবন্ধ পাঠ করেন মাই একাডেমির চেয়ারম্যান অবসরপ্রাপ্ত মেজর এটিকেএম ইকবাল। স্বাগত বক্তব্যে তিনি মাই

দেশের বিভিন্ন অঞ্চলের বিদ্যালয়গুলোর মধ্যে আন্তঃসম্পর্ক সৃষ্টিতে এবং বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে সুস্থ মেধা প্রতিযোগিতায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে অভিমত ব্যক্ত করেন অনুষ্ঠানে উপস্থিত শিক্ষাবিদরা।

—আইটি ডেস্ক